

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২৭৭

আগরতলা, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

**কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলি কৃষি ব্যবস্থার উন্নয়নে এবং চাষিদের  
জীবন মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে : রাজ্যপাল**



কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলি (কেভিকে) কৃষি ব্যবস্থার উন্নয়নে এবং চাষিদের জীবন মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কৃষি ক্ষেত্রের নিত্যনতুন চ্যালেঞ্জ মোকাবিলা করার ক্ষেত্রে এই কেন্দ্রগুলি আরও সহায়ক ভূমিকা নেবে বলে আশা করা হচ্ছে। আজ লেন্সে উন্নত ফিসারি কলেজের অডিটোরিয়ামে কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলির (কেভিকে) অ্যানুয়োনে জোনাল ওয়ার্কশপের আনুষ্ঠানিক উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু একথা বলেন। এই কর্মশালায় উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির কৃষি ব্যবস্থার উন্নয়নে নানা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হবে বলে আশা প্রকাশ করে রাজ্যপাল বলেন, কেভিকেগুলির ল্যাবেরেটরি এবং জমির মধ্যে প্রকৃত সেতুর ভূমিকা পালন করছে। তিনি ত্রিপুরার ক্ষুদ্র জমির মালিকানাগুলির সমস্যার সঙ্গে সামঞ্জস্য রেখে এর উন্নয়ন সমাধান গড়ে তোলার জন্য কেভিকেএস'র বিজ্ঞানী ও প্রকৌশলী, আইসিএআর এবং রাজ্য কৃষি বিভাগকে সমন্বয় রেখে কাজ করার জন্য আহ্বান জানান।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন আইসিএআর'র অ্যাসিস্টেন্ট ডিরেক্টর জেনারেল (এই) ড. আর আর বর্মণ, বিসিকেভি পশ্চিমবঙ্গের প্রাক্তন উপাচার্য ড. এম এম অধিকারি, আইএলআরআই'র প্রাক্তন ডিডিজি ড. এইচ রহমান, সিএইউ ইম্ফল'র উপাচার্য ড. অনুপম মিশ্র। স্বাগত বক্তব্য রাখেন আইসিএআর-এটিএআরআই, জোন-৭, ওমিয়ান মেঘালয়ের অধিকর্তা ড. এ কে মহান্তি। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন কলেজ অব ফিসারিজ সিএইউ লেন্সে উন্নত ডিন প্রফেসর অরুণ ভাই প্যাটেল। অনুষ্ঠানে রাজ্যপাল সহ অতিথিগণ ফিসারি কলেজ এবং কেভিকেএস'র স্মরণিকা প্রকাশ করেন। অনুষ্ঠানে কৃষকদের মধ্যে কারিগরি সহায়তা প্রদান করা হয়।

অনুষ্ঠান শুরুর আগে রাজ্যপাল কলেজ চতুরে বৃক্ষরোপন করেন। বৃক্ষরোপনের পর তিনি সুইমিংপুল, ল্যাবেরেটরি, পাবদা হেচারি, রেফারেল মিডিজিয়াম, বারকোড মিডিজিয়াম, মলিকিউলার বায়োলজি ল্যাবেরেটরি পরিদর্শন করেন। রাজ্যপাল এর পর ফিসারি কলেজের সিলভার জুবিলি লবিতে এক্সিবিশন কাম টেকনোলজি শোকেজের ফিতাকেটে উদ্বোধন করেন। প্রদর্শনীতে রাজ্যপাল বিভিন্ন রাজ্য থেকে আসা প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন।

\*\*\*\*\*